# অক্টোবর/২০২২ মাসের অনুষ্ঠিত গোমস্তাপুর উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ হুমায়ূন রেজা<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ১৩.১০.২০২২ সকাল ১১.৩০ ঘটিকায়। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |

**সভায় উপস্থিত /অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরেরক্রমানুসারে) পরিশিষ্ট- "ক"**

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার অনুরোধ জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালিত হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, বিয়োজন না থাকায় তা দৃঢ়করণ করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ে নিম্নোক্তভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## আলোচ্য সূচি ঃ ০১ ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ

আলোচনা ঃ

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন কোয়ার্টার ও ডর্মেটরী ভবন দীর্ঘদিন মেরামতের অভাবে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। এমতাবস্থায় ভবনগুলো মেরামত করা জরুরী প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের পুকুরের পাড় ভাঙ্গা রোধের জন্য প্রটেকশন ওয়াল নির্মাণ এবং পুকুরের চার ধারে ফুটপাথ নির্মাণ করা প্রয়োজন। উপরোক্ত মেরামত ও নির্মাণ কাজের জন্য নিম্নলিখিত ছক মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদন করা যেতে পারে।

| ক্রমিক নং | ভবনের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | পদ্মা ভবন সংস্কার | ৯,৮০,৩৯৪.০০ | |
| ০২ | যমুনা ভবন সংস্কার | ৯,৮৭,৫৯২.০০ | |
| ০৩ | পূর্ণভবা ভবন সংস্কার | ৯,৯৮,১৮০.০০ | |
| ০৪ | মহানন্দা ভবন সংস্কার | ৯,৮৩,০০৬.০০ | |
| ০৫ | ডর্মেটরী ভবন সংস্কার | ৯,৯৫,৯৫৩.০০ | |
| ০৬ | উপজেলা পরিষদের পুকুরের ধারে প্রটেকশন ওয়াল নির্মাণ | ১০,০০,০০০.০০ | |
| ০৭ | উপজেলা পরিষদের পুকুরের চারপাশে ফুটপাথ নির্মাণ | ১০,০০,০০০.০০ | |

সভায় উপজেলা প্রকৌশলী আরোও জনান যে, উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ কাজের প্রাক্কলন ইতিপূর্বে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা নির্ধারণ করা থাকলেও বর্তমানে নির্মাণ স্যামগ্রীর বাজার মূল্য বেশি হওয়ার কারনে উক্ত প্রাক্কলিত মূল্যে ডিজাইন অনুসারে কাজ করা সম্ভব নয়। বর্তমান বাজার মূল্য অনুসারে ডিজাইন মোতাবেক ভবনের প্রাক্কলিত মূল্য দাড়ায় ২৩,৯৩,৩৪০.০০ (তেইশ লক্ষ তিরানব্বই হাজার তিনশত চল্লিশ) টাকা। যা মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ

ব্যাপক আলোচনা শেষে উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহ সংস্কার এবং পুকুরের ধারে সৌন্দর্য বর্ধনের কাজের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলিত মূল্য সমূহ সভায় অনুমোদন করা হলো এবং মন্ত্রণালয়ে অনুমোদন ও বরাদ্দের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

এছাড়া আনসার ভবনের নতুন প্রাক্কলিত মূল্য মন্ত্রণালয়ে প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

বিভাগীয় আলোচনা: ০২ ( বিভাগীয় আলোচনা) ঃ

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে বর্হি বিভাগে-৮,০১২ জন, অন্তঃবিভাগে-৬৭৬ জন, জরুরী বিভাগে-২৬৮০ জন চিকিৎসা সেবা পেয়েছে। তিনি আরও জানান যে, ৫-১১ বছর বয়সী সকল শিশুকে (স্কুলগামী এবং ঝড়ে পড়া) ১১/১০/২০২২ ইং তারিখ থেকে ফায়জার টিকা দেওয়া হবে। বর্তমানে ডেঙ্গু রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং এর পরীক্ষা নীরিক্ষা ও চিকিৎসা সেবার সুবিধা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রয়েছে। কমিউনিটি ক্লিনিক সরস্বতীপুর, রহনপুর এর পূণ:নির্মান সংক্রান্ত জটিলতা অর্থাৎ ক্লিনিকটি পূর্ব্যের অবস্থানে থাকবে কিনা বা অন্যত্র নির্মান হবে কিনা এ বিষয়ে সুস্পষ্ট রেজুরেশন আকারে সিদ্ধান্ত নেয়ার জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করেন। আর কোন এজেন্ডা না থাকায় তিনি তার বক্তব্য শেষ করেন। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, অত্র কার্যালয়ের সেপ্টেম্বর/২০২২ মাসের কার্যক্রম নিম্নরূপঃ ইমপ্ল্যান্ট সংখ্যা=১৩ পিস, আই,ইউ,ডি সংখ্যা=১০ পিস, ইনজেকশন বিতরণ=৫৯৭ ডোজ, খাবার বড়ি (সুখি) বিতরণ=১২৯৮৬ চক্র, কনডম বিতরণ=২৬৩১০পিস, ইসিপি বিতরণ=২২ ডোজ পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা প্রদান করা হয়েছে। | ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা কার্যক্রম অব্যাহত রাখাসহ ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| কৃষি বিভাগ ঃ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে গ্রীষ্মকালীন পেঁয়াজ ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৩০০(তিনশত) জন/বিঘা ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক বরাদ্দ পাওয়া গিয়েছে। য ১টি পৌরসভা ও ৮টি ইউনিয়নের কৃষকদেও মাঝে গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদেও জমি ও সম্ভাবনার ভিত্তিতে বিভাজন করা হবে। ইউরিয়া, ডিএপি, এমওপি সহ সকল রাসায়নিক সার উত্তোলন, মজুদ ও বিতরণ পরিস্থিতি বরাবরের ন্যায় স্বাভাবিক রয়েছে। সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাদের উপস্থিতিতে যথাযথভাবে সার বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। সার উত্তোলন, মজুদ ও বিতরণ পরিস্থিতি নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে। অনুমতিবিহীন ভাবে সার মজুদ ও উচ্চমূল্যে বিক্রয় করায় চলতি মাসে সার ব্যবস্থাপনা আইন-২০০৬ এর আলোকে একটি মোবাইল কোর্ট পরিচালনা করে অভিযুক্ত ব্যক্তির নিকট হতে ১০,০০০/-(দশ হাজার) টাকা জরিমানা আদায় করা হয়। রোপা আমন ধান সহ অন্যান্য মাঠ ফসলের বর্তমান অবস্থা ভালো। বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। | বিভিন্ন ফসল উৎপাদনে কৃষকদেরকে পরামর্শ প্রদানে অধিকতর সহায়তা করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| উপজেলা প্রাণি-সম্পদ বিভাগঃ | উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গবাদী প্রাণির টিকা প্রদান-১০০০ মাত্রা, হাঁস মুরগী টিকা প্রদান-৩৬০০০মাত্রা, গবাদী পৃশুর চিকিৎসা প্রদান-২৮৯০, হাঁস মুরগী চিকিৎসা প্রদান-১০০৯৭ টি, কৃত্রিম প্রজনন-৮৯৬ টি, খামার পরিদর্শন-১৩ টি, উঠান বৈঠক-০৩ টি, ঘাষ চাষ সম্প্রসারণ ২,৩ একর, বিভিন্ন রোগের নমুনা পরীক্ষা ১০টি, পরামর্শ প্রদান-২৮০৭ জন, ক্রিম সেপারেটর মেশিন বিতরণ-০টি এবং প্রশিক্ষণ প্রদান-০০ জন। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার |
| মহিলা বিষয়ক বিভাগ ঃ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, ভিডিব্লিউবি কর্মসূচির ২০২১-২২ চক্রের আওতায় ০৮ জন ইউপি চেয়ারম্যান এর অনুকুলে জুলাই/২২ ও আগষ্ট/২২ মাসের ডিও দেওয়া হয়েছে। মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের বরাদ্দপত্র এখনও পাওয়া যায়নি। অত্র অফিসের আওতাধীন আইজিএ প্রকল্পের জুলাই/২২ হতে সেপ্টেম্বর/২২ সেশনে ০২টি ট্রেডে ২৫+২৫=৫০ জন দুঃস্থ মহিলা নির্বাচন সম্পন্ন হয়েছিল এবং এদেরও ক্লাশ ০১ জুলাই/২২ হতে শুরু হয়েছে কিন্তু দেশের বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে বিকালের সিফটটি অর্থাৎ ৫০ জন মহিলার প্রশিক্ষণ | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | স্থগিত করা হয়েছে। যাহা ০১ অক্টোবর/২২ হতে শুরু হবে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রমসহ অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| বিএমডিএ দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ (সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি) সভায় জানান যে, গোমস্তাপুর উপজেলার ৩৮০ টি গভীর নলকূপ এবং ১১টি এলএলপি এর মাধ্যমে ১২২১০ হেক্টর জমিতে আমনসহ অন্যান্য ফসলের জমিতে সেচ প্রদান করা হচ্ছে। এ ছাড়াও ১৩টি পাতকূয়ার মাধ্যমে প্রায় ২ হেক্টর জমিতে সবজিসহ অন্যান্য ফসলে সেচ প্রদান করা হচ্ছে। উপকারভোগী ৭৫৭২ জন। ৪৬ টি খাবার পানি সরবরাহ স্থাপনার মাধ্যমে ৫৬১২ জন উপকারভোগীর মধ্যে সুপেয় পানি সরবরাহ করা হচ্ছে। চলতি বছরে ২১ টি গভীর নলকূপ পুনঃ খননের লক্ষ্যমাত্রা রয়েছে। এর মধ্যে ৪টি পুন: খননের কার্যাদেশ দেওয়া হয়েছে এবং ১টি গভীর নলকূপপ পুন:খনন সম্পন্ন হয়েছে। এছাড়া ৫টি খাস পুকুর পুন:খননের লক্ষ্যমাত্রা রয়েছে। ৩০ (ত্রিশ) হাজার ফলদ, বনজ ও ঔষধি বৃক্ষের চারা রোপনের লক্ষ্যমাত্রা রয়েছে। "বরেন্দ্র এলাকায় পানি সংরক্ষণের মাধ্যমে সেচ সম্প্রসারণ প্রকল্প দ্বিতীয় পর্যায়" শীর্ষক প্রকল্পের আওতায় বাঙ্গাবাড়ী ইউনিয়নের চুড়লবিল এবং আলীনগর ইউনিয়নের কোচন বিল খননের কার্যক্রম একনেকে অনুমোদন হয়েছে। উক্ত বিল দুইটি বিএমডিএ'র মাধ্যমে পুন:খনন করা হবে।<br>ন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী বিএমডিএ অফিসার |
| উপজেলা শিক্ষা অফিস ঃ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা সমবায় বিভাগঃ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সমিতির সংখ্যা (সাধারণ) ২৮৭টি, এর মধ্যে মৎস্যজীবি ১০৫টি, সিআইজি=৬৪টি, অন্যান্য ১১৮টি। বিআরডিবি কেন্দ্রীয়=০২টি, বিআরডিবি সাধারণ-১২৪(ইউসিসিএলিঃ)+১১৫(বিত্তহীন)-২৩৯টি। অডিট সম্পাদন-২০২১-২২ইং সনের বরাদ্দকৃত ২১৮টি অডিট এর মধ্যে ৬৭টি অডিট সম্পাদন করা হয়েছে এবং অডিট চলমান রয়েছে। অডিট ফি-২০২০-২০২১ ইং সনের ধার্যকৃত অডিট ফি আদায় করতঃ সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। আদায় চলমান । ধার্য সাধারণ ৩২৬৫০/-টাকা, জমা ৩২৬৫০/-টাকা এবং ধার্য বিআরডিবি ৮৬৮০/-টাকা, জমা ৮৬৮০/-টাকা। সমবায় উন্নয়ন তহবিল-২০২০-২০২১ ইং সনের ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল আদায় করতঃ জমা প্রদান করা হচ্ছে। আদায় চলমান এ পর্যন্ত ধার্য সাধারণ ৯৭৪০/-টাকা, জমা ৯৭৪০/-টাকা এবং বিআরডিবি ধার্য ২৬০১/-টাকা জমা ২৬০১/-টাকা। আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২)-আলোচ্য মাসে সঞ্চয় আদায় ৭০০/-টাকা। ঋণ আদায় ২৫০০/-টাকা। ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে এবং আশ্রয়ন প্রকল্প নিয়মিত তদারকি করা হয়। সমবায় সমিতি পরিদর্শন-অত্র মাসে ০৫টি সমবায় সমিতি পরিদর্শন করা হয়েছে। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| পরিসংখ্যান অফিস ঃ | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে । তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| সমাজসেবা বিভাগ ঃ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ১০ আগষ্ট ২০২২ হতে ১০ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন গ্রহণের বিষয়টি স্থানীয় জনপ্রতিনিধি, উপজেলা ও ইউনিয়ন ভাতা বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দ ও স্থানীয় প্রশাসন এর সহায়তায় ব্যাপক প্রচারনার মাধ্যমে অবহিত করতে হবে। সকল ইউনিয়নের প্রতিবন্ধি ব্যক্তিদের প্রতিবন্ধীতা সনাক্তকরণ জরিপ চলমান। প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র বিতরণ চলমান। ০৮ জন গরীব, অসহায় ও দুঃস্থ ব্যক্তিদের মাঝে ঔষুধ বিতরণ। বাংলাদেশ সমাজকল্যাণ পরিশোধ হতে ১২,০০০/-টাকা গরীব, অসহায়, দুস্থ ব্যক্তিদের মাঝে সাহায্য প্রদান করা হয়। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উ ঃ সমাজসেবা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় অনুপুস্থিত থাকায় তার দাপ্তরিক কাজকর্ম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। আগামী ০৬/১১/২০২২ খ্রি. তারিখ হতে উচ্চ মাধ্যমিক/আলিম/(কারিগরি বি-এম শাখার)পরীক্ষা অনুষ্ঠিত হবে। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, গত মার্চ/২০২২ মাসের উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় সিদ্ধান্ত মোতাবেক সিংগাবাদ পাথার বিলে দেশীয় প্রজাতির ছোট মাছ সংরক্ষণ, মা মাছের ডিম পাড়ার জন্য আশ্রয়স্থল ও মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে রাধানগর ইউনিয়নে অভয়াশ্রম স্থাপনের জন্য প্রস্তাবটি উত্থাপন করা হয়েছিল, সে আলোকে গত জুলাই/২২ মাসে উক্ত সিংগাবাদ পাথার বিলে একটি অভয়শ্রম স্থাপন করা হয়েছে। এই ব্যাপারে সহযোগিতা করার জন্য তিনি উপজেলা প্রশাসনসহ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ সাতদিন ব্যাপি বিভিন্ন কর্মসূচী সুন্দরভাবে বাস্তবায়ন করা হয়েছে। জেলে আইডি কার্ডের কাজ চলমান রয়েছে এছাড়াও অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বাস্তবায়িত অভয়াশ্রমটি রক্ষনাবেক্ষণ নিয়মিত পর্যবেক্ষণ, জেলেদের আইডিকার্ড স্বচ্ছভাবে করা ও তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, আজ আন্তর্জাতিক দুর্যোগ প্রশামন দিবস ২০২২, দুর্যোগে আগাম সতর্কবার্তা, সবার জন্য কার্যব্যবস্থা এই প্রতিপাদ্য বিষয়টিকে সামনে রেখে সকল চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, প্রতিটি প্রাকৃতিক দুর্যোগের একটি সময় চক্র থাকে সেই মোতাবেক আপনারা যারা জনগণের প্রতিনিধি আছেন, তারা সকল জনসাধারণদেও সতর্কবার্তা পৌছে দেওয়া যেন মানুষের জীবন ও মালামাল/সম্পদ রক্ষা পায়। ২০২২-২০২৩ অর্থ বছরে ১ম পর্যায়ে সাধারন ও বিশেষ টিআর এবং কাবিটা/কাবিখা কর্মসুচি গুলি বাস্তবায়নের জন্য জেলা কমিটিতে প্রেরিত তালিকা অনুমোদন পাওয়া গেছে। সেই মোতাবেক ইউনিয়ন চেয়ারম্যানদের জানানো হয়েছে। প্রতিটি প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রয়োজনীয় কাগজ জমা দিলে পরবর্তী কার্যক্রম পরিচালনা করা হবে। এয়াড়া অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি প্রকল্পে গত অর্থ বছরে ১ম ও ২য় পর্যায়ে কাজ করে যে সকল শ্রমিক বিভিন্ন করণে(মোবাইল ফোন বন্ধ, মোবাইল নম্বর ভিন্ন হওয়ায়) টাকা পায়নি তাদের তালিকা ইউনিয়ন হতে গন্থহণ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করা হবে। এয়াড়া দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও চেয়ারম্যান সকল ইউ,পি |
| খাদ্য বিভাগ ঃ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে পরিচালিত হচ্ছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার |
| জনস্বাস্থ্য বিভাগ ঃ | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে মানব সম্পদ উন্নয়নে গ্রামীন পানি সরবরাহ স্যানিটেশন ও স্বাস্থ্য বিধি প্রকল্পের আওতায় অত্র উপজেলার ২০টি ওয়াটার সোর্সের বরাদ্দ (৪০ বাড়ী কানেকটেড পাইপ লাইন সংবলিত) পাওয়া যায়, যার কাজ ইতি মধ্যে শুরু হয়েছে। এছাড়াও অত্র প্রকল্পের আওতায় ২টি পাবলিক টয়লেট ও ৯টি Hand Washing Station কাজ অক্টোবর সাসে Handover করা হয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের এবারের বরাদ্দ ২০৮টি সাবমার্সেবল পাম্প যার টেন্ডার প্রক্রিয়া জেলা অফিসে প্রক্রিয়াধীন আছে। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল |
| উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দেশের যুব সমাজকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তিতে রুপান্তর করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর সূচনালগ্ন থেকেই কাজ করে আসছে। প্রশিক্ষণ কর্মসূচির আওতায় বিগত সেপ্টেম্বর মাসে ১টি ব্যাচ এ ৩০ জন যুব পুরুষ ও যুব মহিলাকে গবাদী পশু পালন বিষয়ে সতা দিন মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঋণ কার্যক্রমের আওতায় ২৯ জন প্রশিক্ষিত যুবক কে মোট-১৩,৬০,০০০/-(তের লক্ষ ষাট হাজার) টাকা যুব ঋণ প্রদান করা হয়েছে। অনান্য দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |

| | | | |
|---|---|---|---|
| বন অফিস | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার বন বিভাগ কর্তৃক ৩১০০ টি ফলজ, বনজ ও ঔষধী চারা বিনামূল্যে বিতরণের পরিকল্পনা রয়েছে এবং আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আবেদন করার জন্য অনুরোধ করেন। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লালিত স্বপ্ন সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে এ প্রতিষ্ঠানটি গ্রামীন পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নে ঋণ কার্যক্রম সহ ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে থাকে। অত্র দপ্তরের অধীনে রেজিষ্ট্রেশন ভূক্ত সমিতির সংখ্যা ১২৪টি। এছাড়া বীরমুক্তিযোদ্ধা ও তাঁর পোষ্যদের জন্য প্রশিক্ষণ এবং আত্মকর্মসংস্থান কর্মসূচী, কৃষক সমবায় সমিতি লিঃ, সদাবিক , পল্লী প্রগতি কর্মসূচি, আদর্শ গ্রাম-২, আলোচ্য মাসে ০০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২২/২৩ অর্থ বছরের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২ কোটি ৬৩ লক্ষ টাকা এর বিপরীতে অত্র দপ্তর থেকে ২০২২/২৩ অর্থ বছরে ৪০.১৫ হাজার টাকা বিতরণ করা হয়েছে। সেপ্টেম্বর/২০২২ মাসে ২৭.৯৫ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। উদ্যোক্তদের মাঝে ০.০ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। | ২০২২/২৩ অর্থ বছরের ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে যেন কোন অনিয়ম পরিলক্ষিত না হয় সে বিষয়ে সর্তক দৃষ্টি রাখাসহ গৃহীত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো । | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| পল্লী সঞ্চয় ব্যাংক গোমস্তাপুর শাখা | পল্লী সঞ্চয় ব্যাংক গোমস্তাপুর শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, মোট ইউনিয়ন-০৮টি, মোট সমিতির সংখ্যা-২৩৮টি, মোট সদস্য সংখ্যা-১২,১২৯ পরিবার, মোট সঞ্চয় ৬৮৬.৪৫(ছয় কোটি ছিয়াশি লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা এবং আগষ্ট/২২ মাসে ঋণ আদায়-১৪৪.৪৫(এক কোটি চুয়াল্লিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার টাকা), ঋণ বিতরণ ১৪০.৪৬(এক কোটি চল্লিশ লক্ষ ছিচল্লিশ হাজার টাকা) টাকা ও ঋণ গ্রহিতার সংখ্যা=৪৩৫ জন। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | পল্লী সঞ্চয় ব্যাংক গোমস্তাপুর শাখা |
| ইসলামিক ফাউন্ডেশন, গোমস্তাপুর | ইসলামিক ফাউন্ডেশন, ফিল্ড সুপারভাইজার সভায় জানান যে, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম নিয়ম মাফিক পরিচালিত হচ্ছে। ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ি মসজিদে মসজিদে জুমার খুতবায় সন্ত্রাস-জঙ্গিবাদ ও সামাজিক ইস্যু সংক্রান্ত বিষয়ে ইমামদের মাধ্যমে জনগণকে সচেতন করা হচ্ছে। তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | ইসলামিক ফাউন্ডেশন, গোমস্তাপুর |
| বিদ্যুৎ বিভাগ (নেসকো) | নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, নেসকো গোমস্তাপুর |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | গোমস্তাপুর উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গোমস্তাপুর উপজেলার ২০২০-২০২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের কাজের অগ্রগতির আলোচনা করা হয়। | ২০২০-২০২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের কাজ সুষ্ঠভাবে চলছে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং ইউডিএফ |
| তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) তথ্য কেন্দ্র | তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে এখন পর্যন্ত বরাদ্দ না আসায় সেপ্টেম্বর/২০২২ মাসের উঠান বৈঠক করা সম্ভব হয় নাই। তথ্যকেন্দ্রে এবং ডোর টু ডোর সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা, গোমস্তাপুর |

**আলোচ্য সূচি -০৩ ঃ ১৪২৯ বাংলা সনে হাট-বাজার ও ফেরীঘাটসমূহের ইজারা কার্যক্রম-**

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, গোমস্তাপুর উপজেলা পরিষদের আওতাধীন ৪টি ফেরীঘাটের মধ্যে ১টি ফেরীঘাট বাংলা ১৪২৯ সনে ইজারা প্রদান করা হয়েছে এবং ৩টি ফেরীঘাটের খাস আদায় চলমান রয়েছে। তিনি আরও জানান, উপজেলা পরিষদের আওতাধীন ১৮টি হাট-বাজার ছিল। তার মধ্যে ১০টি হাট-বাজার বাংলা ১৪২৯ সনে ইজারা প্রদান করা হয়েছে। ইজারা না হওয়া অবিশিষ্ট ৮টি হাটের মধ্যে ১টি পেরীফেরীভূক্ত এবং অপর ৭টি পেরীফেরীভূক্ত নয়। পেরিফেরীভূক্ত নয় এমন ৫ টিতে স্থানাভাবে হাট-বাজার বসে না। চালু ৩টি হাট-বাজার খাস আদায়ের আওতায় আনা হয়েছে।

আলোচ্য সূচি -০৪ (বিবিধ) ঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, গোমস্তাপুর উপজেলার বাঙ্গাবাড়ী ইউনিয়নের এস.এস. টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), মোঃ আকবর আলী খান এর অনৈতিক কাজ কর্ম এবং শিক্ষা প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকায় যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মোঃ আঃ মবিন সহ অন্যান্য লোকজন উপজেলা নির্বাহী অফিসার, গোমস্তাপুর বরাবরে গত ০৭.৮.২০২২খ্রি. তারিখ অভিযোগ পত্র দাখিল করেন। সে অভিযোগের ভিত্তিতে ১৭.০৮.২০২২ খ্রি. তারিখ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এস.এস. টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজে উপস্থিত হলে সেখানে উক্ত কমিটির সদস্যবৃন্দ, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, বীর মুক্তিযোদ্ধা, প্রতিষ্ঠানের অন্যান্য শিক্ষকমন্ডলী, অভিভাবক, ছাত্র/ছাত্রী এবং প্রতিষ্ঠানের কর্মচারী সহ সাধারণ জনগণও উপস্থিত হন। প্রত্যেকেই তার বিরুদ্ধে বলেন যে, চাকুরী দেওয়ার কথা বলে এবং স্টাফদের এমপিওর কথা বলে সে অনেক অর্থ হাতিয়ে নিয়েছে এমনকি ছাত্র/ছাত্রীর টাকা নিয়ে রেজিঃ/ফরম পূরণ করেন না। অফিসের সকল কাজ তিনি নিজ বাড়ীতে করেন ফলে বিগত তিন বছর থেকে তিনি কলেজে আসেন না। যার ফলে প্রতিষ্ঠানটি বন্ধ হওয়ার উপক্রম। এ অবস্থায় শিক্ষা প্রতিষ্ঠান সচল রাখার উদ্দেশ্যে শিক্ষা প্রতিষ্ঠানের স্বার্থে ও ছাত্র/ছাত্রীদের কথা বিবেচনা করে প্রতিষ্ঠানটির একাউন্ট নম্বর, চেক বহি, পাশওয়ার্ড এবং শিক্ষা প্রতিষ্ঠানের যাবতীয় কাগজপত্র মোঃ আকবর আলী, অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) তার নিকট হতে পূর্বের লিখিতভাবে দায়িত্ব প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান মোঃ কসিউর রহমান এর নিকট হস্তান্তর করবেন মর্মে প্রাথমিকভাবে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

এ বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় বলেন "আমাকেও এ ব্যাপারে অনেকেই অভিযোগ করেছেন", বিষয়টি সম্পর্কে প্রাথমিকভাবে উপজেলা নির্বাহী অফিসার উক্ত প্রতিষ্ঠানের সভাপতি হিসেবে যে সিদ্ধান্ত নিয়েছেন তা যথার্থই নিয়েছেন। তবে এখন পর্যন্ত প্রয়োজনীয় কাগজপত্র, একাউন্ট নম্বর, চেক বহি, পাশওয়ার্ড সিদ্ধান্ত অনুযায়ী আকবর আলী, অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), মোঃ কসিউর রহমানকে হস্তান্তর করেননি। হস্তান্তর করার বিষয়েও উক্ত সভায় সকালের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। আমরা সকলেই চাই প্রতিষ্ঠনটি চলমান থাকুক, শিক্ষার্থীরা ভালভাবে পড়াশুনার সুযোগ পাক।

সিদ্ধান্ত ঃ

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে এস.এস. টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের সার্বিক দিক বিবেচনা করে সুষ্ঠভাবে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার নিমিত্তে মোঃ কসিউর রহমান আপাতত প্রতিষ্ঠানটির প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন।

আলোচ্যসূচি ০৫ (বিবিধ) ঃ

উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান যে, গোমস্তাপুর উপজেলা পরিষদ কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কম্পিউটারের সমস্যা হওয়ায় কম্পিউটার সার্ভিসিং ও মেরামত করা জরুরী প্রয়োজন এবং তিনি আরোও জানান যে, গোমস্তাপুর উপজেলার সাব রেজিষ্ট্রারের কার্যালয়ের স্থাবর সম্পত্তি বিক্রয় সংক্রান্ত কর আদায়ের ক্যাশ বহি না থাকায় কর আদায় সংক্রান্ত কাজে অসুবিধা হচ্ছে। তাই সাব রেজিষ্ট্রার, গোমস্তাপুর কর আদায়ের ক্যাশ বহি জরুরী ভিত্তিতে পাওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করেন।

এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনা শেষে ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে -২৪,৯৫০/-(চব্বিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা এবং কর আদায়ের ক্যাশ বহি বানানোর জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২৫,০০০/-(পঁচিশ হাজার ) টাকা ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্যসূচি ০৬ (বিবিধ) ঃ

ক) উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, গোমস্তাপুর উপজেলার রহনপুর পৌরসভার ৩নং ওয়ার্ডের মোঃ তরিকুল ইসলাম, পিতা-মৃত আশিরুদ্দিন, গ্রাম-রহমতপাড়া, উপজেলা-গোমস্তাপুর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। তিনি একজন গরীব ও অসহায় পরিবারের সদস্য তার চিকিৎসার জন্য প্রচুর অর্থের প্রয়োজন। পরিবারের পক্ষে এত খরচ করা সম্ভব হচ্ছে না। তাই তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নিকট আর্থিক সাহায্যের আবেদন করেন এবং উপজেলা চেয়ারম্যান মহোদয় আর্থিক সহযোগিতার জন্য সুপারিশ করেন।

খ) উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান যে, রাধানগর ইউনিয়নের বিবিষন গ্রামের মোসাঃ সেমালি বেগম, পিতা-মৃত আয়েশ উদ্দিন, উপজেলা-গোমস্তাপুর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। তিনি একজন গরীব ও অসহায় পরিবারের সদস্য তার চিকিৎসার জন্য প্রচুর অর্থের প্রয়োজন। পরিবারের পক্ষে এত খরচ করা সম্ভব হচ্ছে না। তাই তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট আর্থিক সাহায্যের আবেদন করেন। আবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে মোঃ তরিকুল ইসলাম এর অনুকূলে-১৫,০০০/-(পনের হাজার) টাকা এবং মোসাঃ সেমালি বেগম এর অনুকূলে-২০০০/-(দুই হাজার) টাকা আর্থিক সাহায্য সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভার আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ হুমায়ূন রেজা)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি
গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ**

স্মারক নং- ০৫.৪৩.৭০৩৭.১১.০০.০০২.২২-১২৭১ (৪০) তারিখ: ১৬.১০.২০২২ খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:- (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মাননীয় সংসদ সদস্য-৪৪, চাঁপাইনবাবগঞ্জ-২

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৫। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ

০৬। মেয়র, রহনপুর পৌরসভা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

০৮। উপজেলা ................................................................ অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

০৯। চেয়ারম্যান, ................................................................ ইউ. পি. (সকল), গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

( আসমা খাতুন )
উপজেলা নির্বাহী অফিসার
গোমস্তাপুর, চাঁপাইনবাবগ